অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ষোল ব্যক্তিকে ক্লেমেন্সি প্রদান করলেন

গভর্নর রোলিং ভিত্তিতে ক্লেমেন্সি প্রদানের প্রতিশ্রুতি পূরণ করলেন

ক্ষমা করার প্রক্রিয়ার সংস্কারের জন্য গভর্নরের প্রচেষ্টায় ভিত্তি করে যার মধ্যে রয়েছে নিরপেক্ষ বিশেষজ্ঞদের একটি উপদেষ্টা প্যানেলকে আহ্বান জানানো, অতিরিক্ত কর্মীদের সংস্থান উৎসর্গ করা এবং আবেদনকারীদের সাথে যোগাযোগ বৃদ্ধি করা

পদ্ধতিগত সংশোধনের পর, গভর্নর হোকল 2023 সালে 36 ব্যক্তিকে ক্লেমেন্সি প্রদান করেছেন যা এখন পর্যন্ত তার দায়িত্বকালের কোনো বছরের জন্য সর্বোচ্চ

গভর্নর ক্যাথি হোকল আজকে 16 ব্যক্তিকে ক্লেমেন্সি প্রদান করেছেন, যার মধ্যে 12টি ক্ষমা এবং চারটি লঘূকরণ রয়েছে। যারা অনুশোচনা, উদাহরণযোগ্য পুনর্বাসন প্রদর্শন করেছে, এবং নিজেদের ও নিজেদের সম্প্রদায়কে উন্নত করার একটি প্রতিশ্রুতি প্রদর্শন করেছে, এই পদক্ষেপটি তার স্বীকৃতি দান করে। এই নিয়ে এই বছর তৃতীয়বারের মতো গভর্নর হোকল ক্লেমেন্সি প্রদান করেছেন, এবং বছরের শেষে একবার করার পরিবর্তে আবর্তিতভাবে ক্লেমেন্সি আবেদনের পর্যালোচনা ও সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণে তিনি তার প্রতিশ্রুতি পূরণ করা অব্যাহত রেখেছেন। পদ্ধতিগত সংশোধন বাস্তবায়নের পর, গভর্নর হোকল 2023 সালে 36 ব্যক্তিকে ক্লেমেন্সি প্রদান করেছেন যা এখন পর্যন্ত তার দায়িত্বকালের কোনো বছরের জন্য সর্বোচ্চ।

"যে ব্যক্তিরা নিজেদের জীবন উন্নত করার এবং দায়মোচন যে সম্ভব তা প্রদর্শন করার প্রচেষ্টা করেছে, ক্লেমেন্সি প্রক্রিয়ার মাধ্যমে তাদের সেই প্রয়াসের স্বীকৃতি দান করা গভর্নর হিসেবে আমার গুরুদায়িত্ব," **গভর্নর হোকল বলেন।** "যখন আমি দায়িত্ব গ্রহণ করি, তখন এই প্রক্রিয়া উন্নত করার জন্য এবং আবর্তিতভাবে ক্লেমেন্সি প্রদান করার জন্য সংস্থান নিবেদন করতে আমি প্রতিশ্রুতি গ্রহণ করি। এই প্রক্রিয়া যাতে নিউ ইয়র্কবাসীকে সম্ভাব্য সেরা উপায়ে সেবাদান করে তা নিশ্চিত করতে আমার প্রশাসন কাজ অব্যাহত রাখবে।"

আবেদন পর্যালোচনা করার জন্য অতিরিক্ত কর্মী নিবেদন করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী এই অনুমোদন একটি অর্থপূর্ণ উপায়ে চলমান প্রক্রিয়া সংঘটিত হতে এবং প্রত্যেক আবেদন যাতে এর প্রাপ্য পুঙ্খানুপুঙ্খ এবং সময়মতো মনোযোগ পেতে পারে তা নিশ্চিত কোনো সাহায্য করে।

গভর্নরের কার্যালয় ক্ষমার প্রক্রিয়ায় স্বচ্ছতা ও যোগাযোগের উন্নতির জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে। নির্বাহী ক্ষমা ব্যুরো (Executive Clemency Bureau) একটি নতুন পলিসি বাস্তবায়ন করেছে যেখানে ক্ষমার আবেদন করা ব্যক্তিদের নিয়মিত চিঠি পাঠানো হবে, তাদেরকে তাদের কেসের দশা জানানো হবে, এবং কীভাবে তাদের আবেদনের সমর্থনে সম্পূরক তথ্য জমা দেওয়া যায় সে সম্পর্কে তথ্য দেওয়া হবে। গভর্নরের কার্যালয় এছাড়াও আবেদনের প্রক্রিয়ার সঙ্গে ক্ষমার জন্য আবেদনকারীদের সাহায্য করার জন্য একটি আপডেট করা অনলাইন ওয়েব হাব চালু করেছে; এই হাবটিতে নতুনভাবে তৈরি টেমপ্লেট ক্ষমার আবেদনের ফর্মগুলি অন্তর্ভুক্ত রয়েছে ক্ষমা এবং মেয়াদ হ্রাস উভয়ের জন্য সম্ভাব্য আবেদনকারীদের তাদের আবেদন করার সময় কী তথ্য অন্তর্ভুক্ত করতে হবে সে সম্পর্কে উন্নত নির্দেশিকা প্রদান করার জন্য।

গভর্নর ক্ষমার আবেদনগুলির বিষয়ে গভর্নরকে পরামর্শ দিতে সহায়তা করার জন্য নিরপেক্ষ বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি ক্ষমার উপদেষ্টা প্যানেলও আহ্বান করেছিলেন। ক্লেমেন্সি উপদেষ্টা প্যানেলের (Clemency Advisory Panel) সুপারিশ অনুযায়ী, গভর্নর হোকল কমপক্ষে এক দশক পূর্বে সাজাপ্রাপ্ত 12 জন ব্যক্তিকে ক্ষমা এবং চারজন ব্যক্তির শাস্তি লাঘব করে দিয়েছেন।

ক্ষমা

41 বছর বয়সী ভিটালি দোরুম 19 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি কিশোর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রের আসেন এবং আনুমানিক 24 বছর ধরে এখানে বাস করছেন। তিনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিককে বিয়ে করেছেন এবং এক সন্তানসহ তার পরিবারে এমন অগণিত সদস্য আছে যারা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। জনাব দোরুম একজন সুদক্ষ সফটওয়্যার প্রকৌশলী। জনাব দোরুম 2004 সালে ফিফথ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানা এবং সেভেনথ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

43 বছর বয়সী আন্দ্রেজ রিভেরা 22 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি কিশোর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রের আসেন, 30 বছরের বেশি সময় ধরে এখানে বাস করছেন, এবং তার এক সন্তান মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। জনাব রিভেরা বহু বছর সম্পত্তি ব্যবস্থাপনা শিল্পখাতে কাজ করেছেন। জনাব রিভেরা 2001 সালে সেভেনথ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

55 বছর বয়সী ডোনেল রিড 32 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক এবং একজন সামরিক ভেটেরান, তিনি 19 বছর বয়সে প্রথম মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীতে (United States Army) যোগদান করেন। তিনি একাধিক বছর সক্রিয় সেনা হিসেবে এবং একজন রিজার্ভ সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন এবং এরপর সম্মানের সাথে ডিসচার্জ লাভ করেন। জনাব রিড একজন সিকিউরিটি ম্যানেজার হিসেবে এবং স্থানীয় সরকারি এজেন্সিসমূহের জন্য বিভিন্ন জনসেবা পদে দায়িত্ব পালন করেছেন। জনাব রিড 1991 সালে ফোর্থ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন।

54 বছর বয়সী মিলেডিস জেট 31 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি কিশোর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রের আসেন এবং 40 বছরের বেশি সময় ধরে এখানে বাস করছেন। তিনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিককে বিয়ে করেছেন এবং তার দুই সন্তানও মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। মিস জেট দুই দশকের বেশি সময় ধরে একটি নার্সিং হোমে কেয়ারটেকার হিসেবে কাজ করেছেন। মিস জেট 1992 সালে সেকেন্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা পেলে ডিপোর্টেশনের ঝুঁকি কাটাতে সাহায্য হবে এবং তিনি তার পরিবার ও সম্প্রদায়ের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রে থেকে যেতে পারবেন।

60 বছর বয়সী নোয়েল ওয়াটসন 30 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। বিশের ঘরে বয়স থাকার সময় তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের আসেন এবং 30 বছরের বেশি সময় ধরে এখানে বাস করছেন। তিনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিককে বিয়ে করেছেন এবং সন্তান ও ভাইবোনসহ তার পরিবারের একাধিক সদস্য মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দা। জনাব ওয়াটসন একজন ম্যাসন ও পেইন্টার হিসেবে কাজ করেছেন এবং তার সম্প্রদায়ে তিনি সক্রিয়। তিনি 1993 সালে থার্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক বিক্রি এবং থার্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

49 বছর বয়সী ডেভন কটম্যান 23 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক, তার সন্তানের মূল কেয়ারটেকার, এবং তিনি একটি ক্ষুদ্র ব্যবসা পরিচালনা করেন। তিনি 2000 সালে থার্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন।

41 বছর বয়সী হোল্ডেমার ক্রুজ 18 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। তিনি একজন ইলেক্ট্রিশিয়ান হিসেবে কাজ করেন এবং তার সন্তানদের কেয়ারটেকার। তিনি 2005 সালে ফোর্থ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন।

70 বছর বয়সী বার্নার্ডো এনকার্নাসিয়ন 20 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি আনুমানিক 25 বছর ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করছেন এবং তার দুই সন্তান মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। তিনি 15 বছরের বেশি সময় ধরে খাদ্য সেবা শিল্পখাতে কাজ করেছেন। এখন তিনি অবসর এবং মার্কিন যুক্তরাষ্ট্রে নিজ পরিবার থেকে গুরুত্বপূর্ণ সেবা ও সমর্থন পেয়ে থাকেন। জনাব এনকার্নাসিয়ন 2003 সালে সেকেন্ড ডিগ্রি অপরাধমূলক অনধিকার প্রবেশ এবং 1999 সালে সেভেন্থ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

31 বছর বয়সী জাস্টিন রাইলি 14 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করছেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। দোষী সাব্যস্ত হবার পর থেকে, তিনি চাকরি ধরে রেখেছেন, এবং তার পার্টনারের সাথে তাদের সন্তানদের সমর্থনে সাহায্য করেন। জনাব রাইলি যখন 16 বছর বয়সী

ছিলেন তখন করা একটি অপরাধের জন্য 2009 সালে থার্ড ডিগ্রি চুরির চেষ্টার জন্য দোষী সাব্যস্ত হন।

48 বছর বয়সী হোসে অ্যান্টনিও রেয়েস 25 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। তিনি একটি ক্ষুদ্র ব্যবসা পরিচালনা করেন, এবং তার পার্টনারের সাথে তাদের সন্তানের সমর্থনে সাহায্য করেন। জনাব রেয়েস 1998 সালে সেকেন্ড ডিগ্রি চুরির চেষ্টার জন্য দোষী সাব্যস্ত হন।

42 বছর বয়সী ওয়ারেন স্টুয়ার্ট 13 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি কিশোর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রের আসেন, আনুমানিক 28 বছর ধরে এখানে বাস করছেন, এবং তার পরিবারের কাছের সদস্যরা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। জনাব ওয়ারেন একজন আয়রনওয়ার্কার হিসেবে কাজ করেন এবং তার পরিবার ও সম্প্রদায়ে সক্রিয় আছেন। জনাব স্টুয়ার্ট 2010 সালে সেকেন্ড ডিগ্রি চুরির চেষ্টার জন্য দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে তার ডিপোর্টেশনের ঝুঁকি কাটাতে সাহায্য করবে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

33 বছর বয়সী কেয়োড ওসেনি 13 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি ছয় বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে আসেন এবং তার জীবনের বেশির ভাগ সময়ে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে বিশ্বাস করছেন। তিনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিককে বিয়ে করেছেন এবং তাদের কমবয়সী এক সন্তানও মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। দোষী সাব্যস্ত হওয়ার পর,টি যিনি একটি অ্যাসোসিয়েটস ডিগ্রি এবং একটি ব্যাচেলর্স ডিগ্রি পেয়েছেন এবং চাকরি ধরে রাখতে পেরেছেন। তিনি তার সম্প্রদায়ের একজন সক্রিয় সদস্য এবং তার মায়ের দেখাশোনা করতে সাহায্য করেন। জনাব ওসেনি যখন 18 বছর বয়সী ছিলেন তখন করা একটি অপরাধের জন্য 2010 সালে ফার্স্ট ডিগ্রি চুরির জন্য দোষী সাব্যস্ত হন। ক্ষমা পেলে ডিপোর্টেশনের ঝুঁকি কাটাতে সাহায্য হবে এবং তিনি তার পরিবার ও সম্প্রদায়ের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রে থেকে যেতে পারবেন।

শাস্তি লঘুকরণ

54 বছর বয়সী আলেক্সান্ডার ডকরি 2000 ও 2002 সালের মধ্যে সেকেন্ড ডিগ্রি চুরি, থার্ড ডিগ্রি চুরি, সেকেন্ড ডিগ্রি চুরির চেষ্টা, এবং সেকেন্ড ডিগ্রি অপরাধমূলক অনধিকার প্রবেশের জন্য দোষী সাব্যস্ত হন। খালি অ্যাপার্টমেন্টে চুরির ঘটনা থেকে এই সাজা প্রদান করা হয়েছে যেখানে কেউ শারীরিকভাবে আহত হয়নি। জনাব ডকরিকে 25 বছর থেকে আজীবন কারাদণ্ড প্রদান করা হয়, যার মধ্যে তিনি প্রায় 23 বছর সাজা কাটিয়েছেন। তার কারাবাস শুরু করার সময় তিনি হাই স্কুল শিক্ষাও সম্পূর্ণ করেননি; কারাবন্দী অবস্থায় তিনি বার্ড কলেজ (Bard College) এবং নিউ ইয়র্ক থিওলজিক্যাল সেমিনারির (New York Theological Seminary) মাধ্যমে G.E.D, অ্যাসোসিয়েটস ডিগ্রি, ব্যাচেলর্স ডিগ্রি, এবং মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন। জনাব ডকরি এখন নিউ ইয়র্ক ইউনিভার্সিটির (New York University) কারাগার শিক্ষা কর্মসূচির (Prison Education Program) একজন সহকারী ও টিউটর হিসেবে কাজ করেন, অন্য কারাবন্দী ব্যক্তিদের শিক্ষাগত সাফল্য অর্জন করতে সাহায্য করেন। মুক্তি পেলে জনাব ডকরি তার পরিবারের সাথে থাকবেন এবং একটি পিএইচডি অর্জন করতে ইচ্ছুক।

54 বছর বয়সী এরিক ডেভিডসন 2012 সালে সেকেন্ড ডিগ্রি চুরি এবং ফিফথ ডিগ্রি চুরি যাওয়া সম্পত্তির অপরাধমূলক মালিকানার জন্য দোষী সাব্যস্ত হন। তাকে 16 বছর থেকে আজীবন কারাদণ্ড প্রদান করা হয়, যার মধ্যে তিনি প্রায় 14 বছর সাজা কাটিয়েছেন। কারাবাসের সময় জনাব ডেভিডসন প্রাক কলেজ শিক্ষা কর্মসূচি সম্পূর্ণ করেন এবং এরপর একটি অ্যাসোসিয়েটস ডিগ্রি অর্জন করেন। তিনি এখন একটি ব্যাচেলর্স ডিগ্রি কর্মসূচি সম্পূর্ণ করার জন্য পড়াশোনা করছেন এবং একাডেমিক সাফল্য অর্জন করে যাচ্ছেন। একটি সাহিত্য জার্নালে তার লেখা প্রকাশিত হয়েছে এবং একাডেমিকভাবে সুশিক্ষিত কারাবন্দী ব্যক্তিদের কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য তাকে নির্বাচিত করা হয়েছে। জনাব ডেভিডসন তার ফ্যাসিলিটিতে অনার ব্লকের একজন ক্লার্ক হিসেবে কাজ করেন, এবং তিনি একজন লাইব্রেরি ক্লার্ক হিসেবে এবং অন্য কারাবন্দী ব্যক্তিদেরকে নিজ সম্প্রদায়ে সফলভাবে পুনঃপ্রবেশ করতে প্রস্তুত করার কাজে সাহায্য করতে একজন কর্মসূচির এইড হিসেবে কাজ করেছেন। তার মূল কারাদণ্ড অনুযায়ী, 2026 সালে জনাব ডেভিডসন প্যারোলের জন্য যোগ্য হবেন। জনাব ডেভিডসনের শাস্তি লঘু করা হচ্ছে যাতে তাকে নির্দিষ্ট সময়ের পূর্বে প্যারোল বোর্ডে যাওয়ার একটি সুযোগ প্রদান করা যায় এবং যাতে প্যারোলের জন্য তিনি যোগ্য কিনা সেই নির্ণয় বোর্ড করতে পারে।

64 বছর বয়সী মাইকেল ইয়ং 2004 ও 2005 সালের মধ্যে ফার্স্ট ডিগ্রি চুরি, ফার্স্ট ডিগ্রি চুরির চেষ্টা, এবং সেকেন্ড ডিগ্রি চুরির জন্য দোষী সাব্যস্ত হন। তাকে 45 বছরের কারাদণ্ড প্রদান করা হয়, যার মধ্যে তিনি 20 বছরের বেশি সাজা কাটিয়েছেন। কারাবন্দী অবস্থায় জনাব ইয়ং একটি অ্যাসোসিয়েটস ডিগ্রি এবং একটি ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেছেন, এবং একটি মাস্টার্স ডিগ্রি অর্জন করার পরিকল্পনা রয়েছে। এছাড়াও তিনি অন্যান্য কারাবন্দী ব্যক্তিদের তাদের শিক্ষা অর্জনের জন্য উৎসাহিত করেছেন। জনাব ইয়ং তার ধর্মীয় সম্প্রদায়ের একজন নেতা, তিনি অন্যদের কাছে মেন্টর হিসেবে স্বীকৃতি পেয়েছেন। তার মূল কারাদণ্ড অনুযায়ী, জনাব ইয়ং 2041 সালে প্যারোলের জন্য যোগ্য হবেন, তখন তার বয়স হবে 80 বছরের বেশি। জনাব ইয়ংয়ের শাস্তি লঘু করা হচ্ছে যাতে তাকে নির্দিষ্ট সময়ের পূর্বে প্যারোল বোর্ডে যাওয়ার একটি সুযোগ প্রদান করা যায় এবং যাতে প্যারোলের জন্য তিনি যোগ্য কিনা সেই নির্ণয় বোর্ড করতে পারে।

49 বছর বয়সী ট্রেভেল কোলম্যান 2012 সালে সেকেন্ড ডিগ্রি খুনের জন্য দোষী সাব্যস্ত হন। জনাব কোলম্যান যখন 18 বছর বয়সী ছিলেন তখন করা একটি অপরাধের জন্য 1993 সালে তিনি দোষী সাব্যস্ত হন। 2010 সাল পর্যন্ত এটিকে একটি কোল্ড কেস হিসেবে বিবেচনা করা হয়, সেই সময় জনাব কোলম্যান নিজে থেকেই একটি পুলিশ প্রিসিঙ্কটে গিয়ে অপরাধ শিকার করেন, ব্যাখ্যা করেন যে তিনি যা করেছেন তার জন্য অনুশোচনা তাকে গ্রাস করছে। জনাব কোলম্যানকে 15 বছর থেকে আজীবন কারাদণ্ড প্রদান করা হয়, যার মধ্যে তিনি প্রায় 13 বছর সাজা কাটিয়েছেন। কারাবন্দী অবস্থায় তিনি একটি অ্যাসোসিয়েটস ডিগ্রি অর্জন করেছেন, সহিংসতা প্রতিরোধে এবং সংযম সংক্রান্ত কাউন্সেলিং কর্মসূচিতে কাজ করেছেন এবং অন্যান্য বিভিন্ন ধরনের শিক্ষামূলক, পুনর্বাসনমূলক, এবং ভোকেশনাল কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন। তার প্রসিকিউশন করা সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এবং সেই সাথে তাকে সাজা প্রদানকারী বিচারক এখন জনাব কোলম্যানের ক্লেমেন্সি আবেদন সমর্থন করছেন। তার মূল কারাদণ্ড অনুযায়ী, জনাব কোলম্যান 2025 সালে প্যারোলের জন্য যোগ্য হবেন। জনাব কোলম্যানের শাস্তি লঘু করা হচ্ছে যাতে তাকে নির্দিষ্ট সময়ের পূর্বে প্যারোল বোর্ডে যাওয়ার একটি সুযোগ প্রদান করা যায় এবং যাতে প্যারোলের জন্য তিনি যোগ্য কিনা সেই নির্ণয় বোর্ড করতে পারে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন